

বিস্মিল্লাহির রাহমানির রাহিম



টিএমএসএস নার্সিং কলেজ (টিএনসি)

স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ (স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত
বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারী কাউন্সিল এবং রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয় অধিভুক্ত)

শিক্ষাবর্ষ-২০২২-২০২৩ ইং



ঠেঙ্গামারা, রংপুর রোড, বগুড়া-৫৮০০।

মোবাইল নং: ০১৭৫৫-৫৪৬৩৭৭, ০১৭১৩-৩৭৭১৫০, ০১৭০৯-৬৪২৯১৭

ই-মেইল: tmss_tnc@yahoo.com, tmsshealth@gmail.com

Web: www.tmssnursingcollege.com, www.tmsshealth.com

www.facebook.com/tncbogra

আমাদের কথা

প্রতিটি ছাত্র/ছাত্রীর প্রাতিষ্ঠানিক শিক্ষা শেষে যোগ্যতা অনুসারে একটি সম্মানজনক চাকুরী প্রাপ্তির প্রত্যাশা থাকে। কিন্তু লক্ষ লক্ষ শিক্ষিত বেকারদের নিকট এই ন্যায্য প্রত্যাশাটুকুই দূষ্প্রাপ্য। অপরপক্ষে বিশ্বায়নের এই যুগে বর্হিদেবে প্রতিযোগিতামূলক চাকুরীবাজারে নার্সিং পেশায় রয়েছে অব্যবহৃত সুযোগ। কিন্তু এত সুযোগ থাকা সত্ত্বেও সরকারিভাবে প্রয়োজনীয় সংখ্যক নার্সিং কলেজ/ইন্সটিটিউট অপ্রতুল। আর্তমানবতার সেবার কাভারী অধ্যাপিকা ড. হোসেন-আরা বেগম (অশোকা ফেলো এন্ড পিএইচএফ) সরকারের পাশাপাশি সুযোগ্য সেবিকা তৈরীর লক্ষ্যে উত্তরবঙ্গের বগুড়ায় প্রতিষ্ঠা করেছেন টিএমএসএস নার্সিং কলেজ।

এক নজরে টিএমএসএস নার্সিং কলেজ

অবস্থানঃ টিএমএসএস নার্সিং কলেজ, বগুড়া শহর থেকে ৬ কি:মি: উত্তরে বগুড়া রংপুর মহাসড়কের পূর্ব পার্শ্বে অপূর্ব প্রাকৃতিক সৌন্দর্য মণ্ডিত ঠেঙ্গামারা নামক স্থানে অবস্থিত। এর সন্নিবর্তেই ১৮তলা বিশিষ্ট টিএমএসএস মেডিকেল কলেজ ও রফাতুল্লাহ কমিউনিটি হাসপাতালের ভবন ও টিএমএসএস মেডিকেল কলেজ এর একাডেমিক ভবন অবস্থিত।

কোর্স সমূহ

১। ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারী কোর্স।

কোর্সের মেয়াদ : ৩ (তিন) বছর। আসন সংখ্যা ১৮০ টি। (ছাত্রদের কোটা ২০%)।

ভর্তির যোগ্যতা

যে কোন শিক্ষাবোর্ড থেকে ২০১৯ ও ২০২০ সালে এসএসসি বা সমমানের পরীক্ষায় পাশ এবং যে কোন শিক্ষা বোর্ড থেকে ২০২১ ও ২০২২ সালে এইচএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। যে কোন বিভাগ হতে এসএসসি ও এইচএসসি বা সমমান দুটি পরীক্ষায় মোট জিপিএ (Grade Point Average) ৬.০০ থাকতে হবে। তবে কোন একটি পরীক্ষায় জিপিএ (Grade Point Average) ২.৫০ এর কম হবে না। প্রার্থীকে বাংলাদেশের স্থায়ী নাগরিক, অবিবাহিত এবং সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে।

২। ডিপ্লোমা ইন মিডওয়াইফারী কোর্স।

কোর্সের মেয়াদ : ৩ (তিন) বছর। আসন সংখ্যা ৫০ টি।

ভর্তির যোগ্যতা

যে কোন শিক্ষাবোর্ড থেকে ২০১৯ ও ২০২০ সালে এসএসসি বা সমমানের পরীক্ষায় পাশ এবং যে কোন শিক্ষা বোর্ড থেকে ২০২১ ও ২০২২ সালে এইচএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। যে কোন বিভাগ হতে এসএসসি ও এইচএসসি বা সমমান দুটি পরীক্ষায় মোট জিপিএ (Grade Point Average) ৬.০০ থাকতে হবে। তবে কোন একটি পরীক্ষায় জিপিএ (Grade Point Average) ২.৫০ এর কম হবে না। প্রার্থীকে বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে। ডিপ্লোমা ইন মিডওয়াইফারী কোর্সে কেবল মাত্র মহিলা প্রার্থীরাই আবেদন করতে পারবেন।

৩। বিএসসি ইন নার্সিং (বেসিক) কোর্স।

কোর্সের মেয়াদ : ৪ (চার) বছর। আসন সংখ্যা ৮৫ টি। (ছাত্রদের কোটা ২০%)।

ভর্তির যোগ্যতা

যে কোন শিক্ষাবোর্ড থেকে ২০১৯ ও ২০২০ সালে এসএসসি বা সমমানের পরীক্ষায় পাশ এবং যে কোন শিক্ষা বোর্ড থেকে ২০২১ ও ২০২২ সালে এইচএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। বিজ্ঞান বিভাগে এসএসসি ও এইচএসসি বা সমমানের দুটি পরীক্ষায় মোট জিপিএ ৭.০০ থাকতে হবে। তবে কোন পরীক্ষায় জিপিএ (Grade Point Average) ৩.০০ এর কম হবে না এবং উভয় পরীক্ষায় জীব বিজ্ঞানে জিপিএ ৩.০০ থাকতে হবে। প্রার্থীকে বাংলাদেশের স্থায়ী নাগরিক, অবিবাহিত এবং সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে।

৪। বিএসসি ইন নার্সিং (পোস্ট বেসিক) কোর্স।

কোর্সের মেয়াদ : ২ (দুই) বছর। আসন সংখ্যা ৪৫ টি।

ভর্তির যোগ্যতা

▶ এসএসসি বা সমমান/এইচএসসি বা সমমান পরীক্ষায় পাশ ▶ ডিপ্লোমা ইন নার্সিং ও ডিপ্লোমা ইন মিডওয়াইফারী বা সমমান/ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারী পরীক্ষায় পাশ ▶ বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারী কাউন্সিল হতে হালনাগাদ রেজিস্ট্রেশন প্রাপ্ত।

বি: দ্র: উল্লেখিত কোর্স সমূহের ভর্তির জন্য সরকারি অভিন্ন ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে এবং পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। প্রার্থী যে কোর্সে সরকারি ভর্তি পরীক্ষায় আবেদন করবে কেবলমাত্র সেই কোর্সেই ভর্তির সুযোগ পাবে।



আন্তর্জাতিক নার্সেস দিবস ২০২২



ক্লাস পরিচিতি ও উদ্বোধনী অনুষ্ঠান ২০২২



বার্ষিক বনভোজন ২০২০

আবেদনপত্র সংগ্রহ

ভর্তির আবেদন ফরম বাবদ ৫০০/- (পাঁচশত) টাকার (অফেরৎযোগ্য) বিনিময়ে অফিস চলাকালীন সময় (সকাল ৮.০০টা থেকে বিকেল ৪.০০টা) অধ্যক্ষ, টিএমএসএস নার্সিং কলেজ কার্যালয় থেকে ভর্তির আবেদন ফরম সংগ্রহ ও জমা করা যাবে। এছাড়া www.tmsnursingcollege.com, www.tmshealth.com ওয়েব সাইট থেকে ভর্তি আবেদন ফরম সংগ্রহ করা যাবে। সে ক্ষেত্রে ফরমের নির্ধারিত ফি ‘টিএমএসএস নার্সিং কলেজ (টিএনসি), রূপালী ব্যাংক লিঃ, টিএমএসএস শাখা, বগুড়া’ শিরোনামে MICR নম্বর যুক্ত পে-অর্ডার/ব্যাংক ড্রাফটসহ পূরণকৃত ফরম নির্ধারিত সময়ের মধ্যে কলেজের অফিসে জমা দিতে হবে।

ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারী, ডিপ্লোমা ইন মিডওয়াইফারী ও বিএসসি ইন নার্সিং (বেসিক) কোর্সের আবেদনপত্র দাখিল করার নিয়মাবলী

প্রার্থীদের এসএসসি/সমমান, এইচএসসি/সমমান পরীক্ষায় পাশের সার্টিফিকেট ও মার্কসিট/ট্রান্সক্রিপ্ট এর সত্যায়িত ফটোকপি। সদ্য তোলা সত্যায়িত রঙিন পাসপোর্ট সাইজের ২ কপি ছবি, জাতীয় পরিচয়পত্র ও নাগরিক সনদ পত্রের কপি এবং সরকারি অভিন্ন ভর্তি পরীক্ষার প্রবেশপত্র ও ফলাফল আবেদন পত্রের সাথে দাখিল করতে হবে।

বিশেষ দৃষ্টব্য

অসম্পূর্ণ ও ভুল তথ্য সম্বলিত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। ভর্তিকৃত প্রার্থীদের ক্ষেত্রে পরবর্তীতে কোন ভুল তথ্য পাওয়া গেলে তার ভর্তি বাতিল হবে। ভর্তি সংক্রান্ত বিষয়ে ভর্তি কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

সুযোগ সুবিধা

(ক) অভিজ্ঞ ও আন্তরিক উপযুক্ত সংখ্যক শিক্ষক মন্ডলী দ্বারা গুণমান সম্পন্ন শিক্ষা ব্যবস্থা। (খ) ব্যবহারিক শিক্ষার জন্য অত্যাধুনিক যন্ত্রপাতি সমৃদ্ধ ল্যাবরেটরি ও পর্যাপ্ত রোগী ডিলিং করে শিক্ষার সুযোগ। (গ) নিজস্ব মনোরম একাডেমিক ভবন ও পৃথক ছাত্র/ছাত্রী নিবাসে আসন নিশ্চয়তা। (ঘ) নিজস্ব ক্যান্টিনে টিএমএসএস কর্তৃক জৈব সারে উৎপাদিত বিষমুক্ত কৃষি সামগ্রী দ্বারা প্রস্তুতকৃত উপাদেয় খাদ্য গ্রহণের সুযোগ। (ঙ) টিএমএসএস এর বিধান মতে শিক্ষা ঋণ গ্রহণের সুযোগ। (চ) টিএমএসএস এর স্বাস্থ্য সেবা কার্যক্রমে চাকুরীতে অগ্রাধিকার। (ছ) ছাত্র/ছাত্রীদের যানবাহন সুবিধায় কমিউনিটি শিক্ষা সফর এবং নিয়মিত বিনোদন ভ্রমণ ব্যবস্থা। (জ) সুসজ্জিত ও সমৃদ্ধ লাইব্রেরী। (ঝ) ৮৫০ শয্যা বিশিষ্ট টিএমএসএস মেডিকেল কলেজ ও রফাতুল্লাহ কমিউনিটি হাসপাতালে ক্লিনিক্যাল প্রশিক্ষণের ব্যবস্থা। (ঞ) বিদেশে চাকুরীর সুবিধা। (ট) টিএমএসএস এর বিধান মতে বিনামূল্যে/স্বল্পমূল্যে শিক্ষা গ্রহণের সুযোগ।

উক্ত হাসপাতালে অন্তঃ ও বহিঃ বিভাগসহ মেডিসিন, সার্জারী, গাইনী, শিশু, কার্ডিওলজি, দন্ত, অর্থোপেডিক, ইএনটি, চক্ষু, চর্ম ও যৌন, রক্ত পরিসঞ্চালন ইউনিট, মানসিক ও ফিজিওথেরাপী বিভাগ সমূহ বিদ্যমান। অত্র হাসপাতালটি ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারী কোর্স, ডিপ্লোমা ইন মিডওয়াইফারী কোর্স ও বিএসসি ইন নার্সিং (বেসিক) কোর্সের ছাত্র/ছাত্রীদের ক্লিনিক্যাল প্রাকটিসের জন্য সহায়ক হবে এবং বিএসসি ইন নার্সিং (পোস্ট বেসিক) কোর্সের ছাত্র/ছাত্রীদের পড়াশোনার পাশাপাশি হাসপাতালে চাকুরীর সুযোগ রয়েছে।



হাসপাতালে ক্লিনিক্যাল প্রাকটিসে ছাত্র/ছাত্রী



লাইব্রেরীতে অধ্যয়নরত ছাত্র/ছাত্রী



এনাটমি ল্যাবের একাংশ

টিএনসি'র পরিক্ষার ফলাফল

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের অধীনে সকল পরীক্ষা এবং বিএনএমসি কর্তৃক নার্স/মিডওয়াইফদের কম্প্রিহেন্সিভ পরীক্ষার ফলাফলে টিএমএসএস নার্সিং কলেজ শীর্ষস্থানে রয়েছে।

বাংলাদেশে নার্সিং এর ভবিষ্যৎ

আর্তমানবতার সেবায় চিকিৎসার মত একটি মহান পেশায় সেবক-সেবিকাদের ভূমিকা যে কত গুরুত্বপূর্ণ, তা আজ আর কারো কাছে অজানা নেই। তাইতো আজ শিক্ষিত ও মেধাবী ছেলে-মেয়েরা এমন একটি মহৎ পেশায় নিজেকে প্রতিষ্ঠিত করার জন্য এগিয়ে আসছে। কিন্তু আমাদের দেশে যথেষ্ট সংখ্যক সরকারি ও বেসরকারি নার্সিং শিক্ষা প্রতিষ্ঠান না থাকায় তাদের অনেকেই ইচ্ছা থাকা সত্ত্বেও নার্সিং কোর্সগুলি সম্পন্ন করতে পারছে না। অপরপক্ষে হাতে গোনা মাত্র কয়েকটি সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠান থেকে যে পরিমাণ নার্স পাশ করে বের হচ্ছে তা দিয়ে দেশের সরকারি-হাসপাতালের চাহিদাই পূরণ হচ্ছে না। ফলে সরকারি প্রতিষ্ঠানসমূহে বহু পদ শূন্য রয়েছে। তাছাড়া, বেসরকারি হাসপাতাল ও ক্লিনিকসমূহেও দক্ষ সেবিকার ব্যাপক চাহিদা রয়েছে। উপরন্তু বিদেশেও দক্ষ নার্সের প্রচুর চাহিদা থাকায় সম্মানজনক বেতনে কর্মসংস্থানের যথেষ্ট সুযোগ আছে। এক কথায় নার্সিং পেশার ভবিষ্যৎ অতি উজ্জ্বল।

টিএমএসএস নার্সিং কলেজের পাশকৃত ছাত্র-ছাত্রীদের সিনিয়র স্টাফ নার্স পদে সরকারী চাকুরি প্রাপ্তদের তথ্য

ক্রঃ নং	কোর্স	সেশন	ব্যাচ	মোট ছাত্র-ছাত্রী সংখ্যা	সরকারী চাকুরি প্রাপ্তির সংখ্যা
১	ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারী	২০০৮-০৯	১ম	২৩ জন	১৬ জন
		২০০৯-১০	২য়	২৩ জন	১৫ জন
		২০১০-১১	৩য়	৪৯ জন	২৭ জন
		২০১১-১২	৪র্থ	৪৬ জন	৩৪ জন
		২০১২-১৩	৫ম	৪৬ জন	৩৬ জন
		২০১৩-১৪	৬ষ্ঠ	৯২ জন	৩২ জন
		২০১৪-১৫	৭ম	৭৬ জন	৪০ জন
		২০১৫-১৬	৮ম	৯৩ জন	১৫ জন
		২০১৬-১৭	৯ম	৯৬ জন	১২ জন
		২০১৭-১৮	১০ম	৯৪ জন	০০ জন
		২০১৮-১৯	১১তম	৮৬ জন	০০ জন
২	বিএসসি ইন নার্সিং (পোস্ট বেসিক)	২০০৯-১০	১ম	০৬ জন	০৬ জন
		২০১০-১১	২য়	১১ জন	১১ জন
		২০১১-১২	৩য়	৩১ জন	৩০ জন
		২০১২-১৩	৪র্থ	২৮ জন	২১ জন
		২০১৩-১৪	৫ম	২৮ জন	২২ জন
		২০১৪-১৫	৬ষ্ঠ	৩০ জন	২৭ জন
		২০১৫-১৬	৭ম	৩০ জন	২৩ জন
		২০১৬-১৭	৮ম	২৮ জন	১৯ জন
		২০১৭-১৮	৯ম	২৩ জন	২০ জন
		২০১৮-১৯	১০ম	৬ জন	৪ জন
৩	বিএসসি ইন নার্সিং (বেসিক)	২০১১-১২	১ম	০৬ জন	০৬ জন
		২০১২-১৩	২য়	২০ জন	১৩ জন
		২০১৩-১৪	৩য়	২৯ জন	১১ জন
		২০১৪-১৫	৪র্থ	২২ জন	১১ জন
		২০১৫-১৬	৫ম	২৩ জন	০২ জন
		২০১৬-১৭	৬ষ্ঠ	২১ জন	০০ জন
৪	ডিপ্লোমা ইন মিডওয়াইফারি	২০১৫-১৬	১ম	১৭ জন	০৭ জন
		২০১৬-১৭	২য়	২০ জন	০০ জন
		২০১৭-১৮	৩য়	২৮ জন	০০ জন
		২০১৮-১৯	৪র্থ	২৯ জন	০০ জন
মোট =				১১৬০ জন	৪৬০ জন

ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারী পাশ করার পর অত্র প্রতিষ্ঠানেই বিএসসি ইন নার্সিং (পোস্ট বেসিক) কোর্সে ভর্তি হওয়ার সুযোগ এবং উল্লেখিত কোর্স সমূহে পাশ করার পর টিএমএসএস মেডিকেল কলেজ ও রফাতুল্লাহ কমিউনিটি হাসপাতালে চাকুরীর সুযোগ রয়েছে। বিএসসি ইন নার্সিং (পোস্ট বেসিক) কোর্সের ছাত্র/ছাত্রীদের পড়াশোনার পাশাপাশি হাসপাতালে চাকুরীর সুযোগ রয়েছে।